গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৭/২১১ তারিখ: ১৬ অগ্রহায়ন, ১৪২৪ বঃ
৩০ নভেম্বর, ২০১৭খ্রিঃ

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৭/২০১৭

**বিষয়: Panel light (ceiling/surface) নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Philips Lighting Bangladesh Limited এর ২৮/০৯/২০১৭ খ্রিঃ তারিখের আবেদন।

Philips Lighting Bangladesh Limited, Road-113/A, House-22, Chaklader House, Floor-11, Gulshan-2, Dhaka-1212 Panel light (ceiling/surface) নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Philips Lighting Bangladesh Limited. |
| আবেদনকারির ঠিকানা | Road-113/A, House-22, ChakladerHouse, Floor-11, Gulshan-2, Dhaka-1212 |
| টেলিফোন নম্বর | ০১৭১৪১৬৩৩৬৯, ০২৫৫০৪৯৭৩৩ |
| ই-মেইল | rajib.uddin@philips.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Panel light (ceiling/surface) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | এ্যাসেম্বল্ড |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | ৯৪০৫.৪০.২০ |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | Philips Lighting India Limited, Gurgaon, Haryana, India<br>Web address: www.philips.lighting.com<br>E-mail: karthik.shah@philips.com |

০২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আমদানিকারক Philips Lighting Bangladesh Limited কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে, Panel light সমূহ ceiling অথবা surface এ ব্যবহারযোগ্য এক ধরনের lighting fixture. আবেদনের সাথে সংযুক্ত পণ্যের ছবিসহ বিবরণ পর্যালোচনায় দেখা যায়, আমদানিয় পণ্য LED Downlighter এবং Coreline Slim Downlight-the clear for LED মূলতঃ Conventional Fluorescent Ceiling Light অথবা Compact Fluorescent Lamp (CFL) এর পরিবর্তে ব্যবহারযোগ্য এক উন্নততর প্রযুক্তির LED downlight luminaires. এতে non replaceable LED module ছাড়াও plaster (board) ceiling ও driver হিসাবে ballast রয়েছে।




Fig: Panel Light

০৩। **বর্ণিত পণ্যের শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহঃ**

(ক) কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত Panel light (ceiling/surface) নামক পণ্যের শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস.কোড শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, Explanatory Notes (Volume-5) এর পৃষ্ঠা নং- XX9405-1 এ হেডিং ৯৪.০৫ এর ব্যাখ্যায় (I) Lamps and Lighting fittings, not elsewhere specified or included এ নিম্নরূপ বলা আছে -

"Lamps and lighting fittings of this group can be constituted of any material and use any source of light. Electrical lamps and lighting fittings of this heading may be equipped with lamp-holders, switches, flex and plugs, transformers, etc., or, as in the case of fluorescent strip fixtures, a starter or a ballast."

এছাড়া আরো বলা হয়েছে, "This heading covers in particular: Lamps and lighting fittings normally used for the illumination of rooms, e.g.: hanging lamps; bowl lamps; ceiling lamps."

পর্যালোচনায় দেখা যায়, আমদানিয় পণ্যের বর্ণনার সাথে Explanatory Notes এর বর্ণিত ব্যাখ্যার সামঞ্জস্য রয়েছে। আমদানিকৃত পণ্য হচ্ছে এক ধরনের ইলেকট্রিক্যাল (LED) উৎসের lighting fixture। এ অবস্থায় উক্ত পণ্যসমূহ হেডিং ৯৪.০৫ এর অধীন শ্রেণিবিন্যাসযোগ্য হবে। উল্লেখ্য যে, আলোচ্য পণ্যসমূহ Chandelier অথবা electric table, desk, bedside or floor-standing lamps অথবা Christmas trees lamp না হওয়ায় সাব-হেডিং ৯৪০৫.১০, ৯৪০৫.২০ অথবা ৯৪০৫.৩০ এর আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য নয়। বরং তা সাব-হেডিং ৯৪০৫.৪০ (Other electric lamps and lighting filings) এর আওতায় সুস্পষ্টভাবে শ্রেণিবিন্যাসযোগ্য।

(খ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) এবং প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্য সমূহের সঠিক এইচ.এস.কোডঃ

বর্ণিত পণ্যের জন্য প্রযোজ্য এইচ. এস. কোড নির্ধারণের লক্ষ্যে WCO এর এইচ. এস. কোড শ্রেণিবিন্যাস নীতিমালার পাশাপাশি বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণতঃ কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে পরিচিত) পর্যালোচনা করা হয়েছে। বিসিটি এর হেডিং ৯৪০৫ এর সাব-হেডিং ৯৪০৫.৪০ এর আওতায় কতকগুলো এইচ. এস. কোড রয়েছে, যা নিম্নরূপঃ

9405.40.10--- Shadowless operation lamps.
9405.40.20--- Energy saving light with ballast and fixtures.
9405.40.30--- Solar energy operated lamps with fittings and fixtures.
9405.40.40--- LED lamps with fittings and fixtures.
9405.40.90--- Other.

পর্যালোচনায় দেখা যায়, আমদানিকৃত Panel light সমূহ মূলতঃ LED উৎসের lighting fixture, যা LED lamps with fittings and fixtures হিসেবে বিবেচনাযোগ্য। উক্ত LED lamps with fittings and fixtures কে Bangladesh Customs Tariff এ সুনির্দিষ্টভাবে এইচ. এস. কোড ৯৪০৫.৪০.৪০ তে উল্লেখ করা হয়েছে। তাছাড়া LED light সমূহ energy saving light হলেও এই বৈশিষ্ট্য LED light সমূহের অনেকগুলো বৈশিষ্টের মধ্যে একটি। কাজেই, General Rules for the Interpretation of the Harmonized System (GIR) এর Rule অনুসারে Panel light (ceiling/surface) সমূহ National split- এ সুস্পষ্টভাবে এইচ. এস. কোড ৯৪০৫.৪০.৪০ এ শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। **অগ্রিম রুলিং:**

Philips Lighting Bangladesh Limited কর্তৃক আমদানিয় Panel light (ceiling/surface) নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৯৪০৫.৪০.৪০ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) Philips Lighting Bangladesh Limited এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Philips Lighting Bangladesh Limited রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
মোঃ লুৎফর রহমান
সদস্য, কাস্টমস নীতি
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৭/২১১

তারিখঃ ১৬ অগ্রহায়ন, ১৪২৪ বঃ
৩০ নভেম্বর, ২০১৭খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Managing Director, Philips Lighting Bangladesh Limited, Road-113/A, House-22, Chaklader House, Floor-11, Gulshan-2, Dhaka-1212

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৮। অফিস কপি/ গার্ড নথি।

৩০/১১/১৭

মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইলঃ nbrclassification@gmail.com